



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন



জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com

পত্র নং- গাগা/প্রকা/প্রশা/২০২৩-৮৫৬ (১০)

তারিখ : ১৭/০৬/২০২৩

প্রেস রিলিজ

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর উদ্যোগে মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ বিষয়ক মত বিনিময় সভা ১৭ জুন, ২০২৩, শনিবার দিনব্যাপী বেইলী রোড, গাইড অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে আগত প্রতিনিধিগণ সকল প্রতিষ্ঠানেই গার্ল গাইডের দল খোলার প্রতি আগ্রহ প্রকাশ করেন।

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার **কাজী জেবুন্নেছা বেগম**-এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব হাবিবুর রহমান, মহাপরিচালক, (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

যে সকল মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গার্ল গাইড রয়েছে তার কার্যক্রম আরো জোরদার করা এবং যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে গার্ল গাইডের কার্যক্রম নেই সেখানে গার্ল গাইড খোলার জন্য সবধরনের সহযোগিতা করবেন বলে মহাপরিচালক আশ্বাস প্রদান করেন।

জাতীয় কমিশনার স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করার আহবান জানিয়ে মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে গাইড সদস্য বৃদ্ধির জন্য বলেন। তিনি মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে মেয়েদের গাইডিং কার্যক্রমের সাথে সম্পৃক্ত করে গাইডের কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়ার আহবান জানান।

মত বিনিময় সভায় মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রিন্সিপাল, প্রধান শিক্ষক, গাইডারগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন)। শুভেচ্ছা বক্তব্য দেন তানজিনা বিনতে মোশাররফ, জেনারেল সেক্রেটারি, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।





সাবিনা বেগম
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা